

## দু' মাস থেকে সরকারি বেতন ভাতা পাচ্ছে না উত্তরাঞ্চলের বেসরকারি স্কুল-কলেজ মাদ্রাসার শিক্ষকরা আন্দোলনে যাচ্ছে

রাপুরে অফিস

উত্তরাঞ্চলের সব বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসার প্রায় ৩০ হাজার শিক্ষক গত দু'মাস ধরে বেতন না পাওয়ার মানবেতর জীবনযাপন করছেন। ব্যাংকে সরকারি বরাদ্দ না থাকায় এ পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে ব্যাংক নৃত্যে জানা গেছে। এ অবস্থায় বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আন্দোলনের প্ররুতি নিয়ে বলে এই সংগঠনের রাপুর জেলা কমিটির সাধারণ সম্পাদক প্রজাফক আবদুল ওয়াহেদ মিয়া যুগান্তরকে জানান। দেশের সব বেসরকারি স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষকদের বেতন বিল সরকারিভাবে

এমপিওভুক্তির মাধ্যমে দেয়া হয়। প্রতিটি প্রতিষ্ঠানের নামে সংশ্লিষ্ট সরকারি ব্যাংক থেকে এই টাকা পরিশোধ করা হয়। কিন্তু ব্যাংকে সরকারি বরাদ্দ না থাকায় গত-নে এবং ছয় মাসের বেতন চলতি জুলাই মাসেও শিক্ষকরা পাননি। ফলে নাগাদ পাবেন তা অনিশ্চিত। কারণ ইতিমধ্যে সরকারিভাবে তিন দফা এই বেতন দেয়ার ঘোষণা দিলেও শিক্ষকরা তা পাননি। প্রথমে গত ২৭ জুন, দ্বিতীয়বার ২ জুলাই, তৃতীয়বার ১০ জুলাই এই বেতন দেয়া হবে বলে সরকারিভাবে ঘোষণা দেয়া হয়। কিন্তু তা পাওয়া যায়নি।